# ভাববাদী মশীহের আগমন সম্পর্কে ভবিষ্যতবাণী করেছিলেন

যারা ছোটদের শিক্ষা দেন তাদেরকে অবশ্যই অধ্যয়ণ P8b পাঠ করতে হবে।

**১. মশীহ সম্বন্ধীয় ভাববাণী শিক্ষাগুলি শিক্ষা দিতেপ্রার্থনা ও বাক্য সহযোগে প্রস্তুত হন।**

**প্রার্থনা ঃ** ''স্বর্গীয় পিতা আমার মেষপালকে তুমি যে মশীহ যীশুর আগমন সম্বন্ধে অগণিত ভবিষ্যত বাণীর পরিপূর্ণতা দান করেছ, তাতে আনন্দিত হতে সাহায্য কর এবং তাদের আরও সাহায্য কর যাতে তারা যেন তোমার দ্বিতীয় আগমনের প্রতি প্রত্যাশা রাখে।''

## পটভূমির টীকাসমূহ

**টীকা-ক।** ''মশীহ'' এটি একটি উপাধি যা পুরাতন নিয়মের সময়ে ইস্রায়েলীরা তাদের রাজাকে দিত। এছাড়া ও তারা এই ''মশীহ'' উপাধিটা এমন একজন মহান রাজার সম্পর্কে বলত, যিনি কিনা ভবিষ্যতে কোনও একসময় আসবেন এবং সমস্ত পৃথিবীর উপরে শাসন করবেন। ''মশীহ'' কথার অর্থ হল ''অভিষিক্ত ব্যক্তি'' এবং এটি খ্রীষ্টকে বোঝাতে প্রায়ই ব্যবহৃত হয়ে থাকে।

**টীকা-খ।** যিহুদীদের প্রায় ৪০০০ বছরের ইতিহাস আছে, যা তাদের পূর্বপুরুষ অব্রাহামের সময় থেকে শুরু হয়েছিল। তারা প্রায় ২০০০ বছর ধরে তাদের মশীহের জন্যে অপেক্ষা করেছিল। যখন তিনি এসেছিলেন তখন কেউ কেউ তাঁতে বিশ্বাস করেছিল। কিন্তু বেশীর ভাগই তাঁতে বিশ্বাস করেনি। ২০০০ বছর পর আজকে অনেক যিহুদী লোক বিশ্বাস করে যে যীশুই তাদের ''মশীহ''। কিন্তু বেশীর ভাগই তা করেনা। বহু অবিশ্বাসী যিহুদীরা আজ পর্যন্ত মেশায়ার জন্য অপেক্ষা করে আছে।

**টীকা-গ।** বহু প্রমান আছে যা এটাই সাক্ষ্য দেয় যে বাইবেল সত্য এবং যীশুই হলেন ''মশীহ'' ঃ (১) যীশু বহু এমন কার্যসাধন করেছেন যা একমাত্র ঈশ্বরই করতে পারেন; (২) যীশুর নামে আমরা যে প্রার্থনা করি ঈশ্বর তার উত্তর দেন; (৩) আমরা যীশুর বহু অলৌকিক কাজ এবং দর্শনকে প্রত্যক্ষ করেছি; (৪) অন্যান্য সমস্ত আত্মাদের থেকে যীশু হলেন সবচেয়ে ক্ষমতাশালী; (৫) খ্রীষ্ট আমাদের আনন্দ ও শান্তি দান করেন; (৬) যীশুর মত আর কেউ নেই; (৭) পবিত্র আত্মা বিশ্বাসীবর্গের অন্তরে বাস করার মাধ্যমে আত্মার বিষয়ে সাক্ষ্য বহন করে।

আমাদের বিশ্বাস করার অন্যতম কারণ হল যে, বহু বছর পূর্বে বাইবেলে শত শত বিষয় ভবিষ্যৎ বাণী করা হয়েছিল এবং তার অনেক কিছু ইতিমধ্যেই সত্য বলে প্রমাণিত হয়েছে। ''মশীহের'' আগমন সম্পর্কে পুরাতন নিয়মে ভাবাবাদীরা প্রায় ২১০টি ভবিষ্যত বাণী করেছিল। নতুন নিয়মে তার মধ্যে প্রায় ১৫০টি ভবিষ্যত বাণী পূর্ণ হয়েছে এবং তিনি বলেছেন যে যখন তিনি পৃথিবীতে আবার ফিরে আসবেন, তখন তিনি অবশিষ্টগুলি পূর্ণ করবেন।

**টীকা-ঘ।** খ্রীষ্টীয়ান বলতে বোঝায় সমস্ত যিহুদী এবং অ-যিহুদীদের, যারা বিশ্বাস করে যে প্রতিজ্ঞা অনুযায়ী মশীহের আগমন হয়েছে এবং তিনি হলেন যীশু। খ্রীষ্টীয়ান বিশ্বাস করে যে মশীহ যীশু একদিন তাঁর কৃত প্রতিজ্ঞা অনুসারে আবার পৃথিবীতে ফিরে আসবেন।

## পুরাতন নিয়মের ভবিষ্যত বাণীর সাথে তাদের নতুন নিয়মের পরিপূর্ণতার তুলনা করুন

- **যিশাইয় ৯ঃ৬-৭** সাথে **মথি ২ঃ১-১১** একজন বিশেষ শিশুর সম্বন্ধে বলা হয়েছে, যিনি একদিন একজন মহান রাজা হবেন।
- **মীখা ৫ঃ১** এর সাথে **মথি ২ঃ১-১১** যীশু কোথায় জন্মাবেন সে সম্পর্কে বলা হয়েছে।
- **যিশাইয় ১১ঃ১-৪** এর সাথে **মথি ৫ঃ১-১২** বিচক্ষণতার সাথে মৃদুশীল এবং দরিদ্রদের পরিচালনার বিষয়ে বলা হয়েছে।
- **যিশাইয় ৫৩ঃ৪** এর সাথে **মথি ৮ঃ১৪-১৭** লোকদের রোগসমূহ থেকে সুস্থতার বিষয়ে বলা হয়েছে।
- **দ্বিঃবিঃ ১৮ঃ১৫** এর সাথে **যোহন ৬ঃ১০-১৫** অলৌকিক ভাবে লোকদের রুটি খাওয়ানোর বিষয়ে বলা হয়েছে।
- **দানিয়েল ৯ঃ২৫-২৬** এর সাথে **মথি ২৪ঃ১৪-১৫** মশীহের আগমনের পরে তাড়নার বিষয়ে বলা হয়েছে।
- **সখরিয় ৯ঃ৯** এর সাথে **মথি ২১ঃ১-১১** গাধার পিঠে চড়ে যিরূশালেমে প্রবেশের বিষয় বলা হয়েছে।
- **যিরমিয় ৩১ঃ৩১-৩৪** এর সাথে **লুক ২২ঃ১৭-২২** নতুন নিয়মের প্রতিষ্ঠার বিষয়ে বলা হয়েছে।

- **যিশাইয় ৫৩ঃ১২** এর সাথে **লুক ২২ঃ৩৭** পাপীদের সাথে যীশুর পরিগাণত হবার বিষয়ে বলা হয়েছে।
- **গীতসংহিতা ২২ঃ১৪-১৮** এর সাথে **মথি ২৯ঃ৩২-৫০**, যীশুর ক্রুশারোপন সম্বন্ধে বলা হয়েছে।
- **শমরিয় ১২ঃ১০** এর সাথে **যোহন ১৯ঃ৩৪-৩৭** মশীহের কুক্ষিদেশে কিভাবে বর্শা দিয়ে বিদ্ধ করা হয়েছে তার বর্ণনা করা হয়েছে।
- **যিশাইয় ৫৩ঃ৭-৮** এর সাথে **প্রেরিত ৮ঃ২৯-৩৫**, আমাদের পাপের জন্য যীশুর বলিদানের মৃত্যু বিষয়ে বর্ণনা করে।
- **গীতসংহিতা ১৬ঃ৯-১১** এর সাথে **লুক ২৪ঃ৪৬-৪৮** এবং **প্রেরিত ২ঃ২২-২৮** যীশুর পুনুরুত্থানের বিষয়।

অন্য আর এক ধরনের ভবিষ্যত বাণী, যার মধ্যে বহু পুরাতন নিয়মের বিষয় অন্তর্ভুক্ত হয়েছে, সে সকল ও যীশুর মাধ্যমেপূর্ণ হয়েছে। উদাহরণ ১ করিন্থীয় ১৫ঃ২০-২৩ তে যীশুকে'শেষ আদম'' বলে অভিহিত করা হয়েছে, এবং রোমীয় ৫ঃ১২-২১ এবং ১ করিন্থীয় ১৫ঃ২০-২৩, ৪৫-৫০ অংশে যীশুর ও আদমের মধ্যে কতিপয় গুরুত্বপূর্ণ সাদৃশ্য ও বৈসাদৃশ্য বলা হয়েছে। যীশু এবং আদম উভয়ই ছিলেন নতুন মানবজাতীর মস্তক এবং উভয়ই তাঁদের কৃত কর্মের কারণে সুদূর প্রসারী প্রভাব সমগ্র মানবজাতীর ওপর আনায়ন করেছিলেন।



**শয়তান যখন প্রলোভিত করেছিল তখন আদম ঈশ্বরের অবাধ্য হয়েছিল।**



**শয়তান যখন পবীক্ষা করেছিল তখন যীশু তার প্রতিরোধ করেছিলেন।**

**বিশেষ অধ্যয়নের** (এর জন্য দরকার প্রচুর সময়ের সঠিক ব্যবহারকে) জন্য আমরা যীশু ও আদমের মধ্যে অনেক সাদৃশ্য ও বৈসাদৃশ্য আবিষ্কার করার জন্য পরামর্শ দিচ্ছিঃ

**আদম,** (আদি ২ ও ৩ অধ্যায়)

**ইসাহাক,** (আদি ২২)

**যোষেফ,** (আদি ৩৭ এবং ৩৯-৪৮ অধ্যায় সমূহ)

**মোশি,** (সমগ্র যাত্রাপুস্তক ও গণনাপুস্তক)

**হারোন** (যাত্রা পুস্তক ও লেবীয় পুস্তকে পরিলক্ষিত)

**যিহোশূয়** (যিহোশূয়ের পুস্তক)

**বোয়স** (রূতের বিবরণ)

**দায়ুদ** (১ শমূয়েল ১৬-৩১ এবং ২ শমূয়েল ১ থেকে ২৪ অধ্যায়)

**এলিয়** (১ রাজাবলি ১৭-১৯ ও ২ রাজাবলি ২ অধ্যায়)

২. **আগামী সপ্তাহের কার্যকলাপের বিষয় আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

আপনার পরিদর্শন ও সাক্ষ্যপ্রদান কালে, কিভাবে ভাববাদীরা মশীহের আগমন সম্পর্কে ভবিষ্যত বাণী করেছিলেন এবং কিরূপেযীশু সেগুলি পূর্ণ করেছিলেন তা ব্যাখ্যা করুন। যে সমস্ত বিশ্বাসীরা এবং অন্বেষীরা এখনো পর্যন্ত সন্দেহের মধ্যে আছে, তাদেরকেপরিদর্শন করুন এবং বিশ্বাস করার জন্য যুক্তিসঙ্গত চিন্তা ধরার জন্য উৎসাহিত করুন।

- যাদেরকে আপনি তৈরী করছেন। সেই সমস্ত নেতৃবৃন্দের দলে যদি এমন কোনও লোক থাকে যাদের বাইবেল যে ঈশ্বরেরই বাক্য এ বিষয়ে সুনিশ্চয়তা প্রাপ্ত হবার প্রয়োজন আছে, তাদেরকেও এই শিক্ষা পাঠটি অধ্যয়ন করান।
- যদি কিছু বিশ্বাসী বাইবেল অধ্যয়ণ করতে ইচ্ছুক থাকে তবে তাদেরকে তালিকা থেকে পুরাতন নিয়মের নেতৃবৃন্দের ও যীশুর মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্যগুলি খুঁজতে বলুন।

৩. **পরবর্তী আরাধনা সভার জন্য আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

বিশ্বাসীদের একত্রে বাইবেল থেকে কিছু পুরাতন নিয়মের ভবিষ্যত বাণী এবং নতুন নিয়মে তাদের পরিপূর্ণতাকে পড়তে বলুন। যীশু কিভাবে সেগুলো পূর্ণ করেছিলেন তা প্রতিবারে জিজ্ঞাসা করুন।

ব্যাখ্যা করুন যে পূর্বে কথিত ভবিষ্যতবাণীর বর্তমানে পরিপূর্ণতা আমাদেরকে এ বিষয় দৃঢ়তা দেয় যে, অবশিষ্ট গুলিও ভবিষ্যতে পূর্ণ হবে।

উপরে দেওয়া তালিকা থেকে অন্তত একজন পুরাতন নিয়মের নেতার সাথে যীশুর সাদৃশ্য ও বৈসাদৃশ্যগুলি ব্যাখ্যা করুন।

যদি তাদের মধ্যে কেউ আরাধনা সভায় সাহায্যকারী হতে পারে, তবে ক,খ,গ,ঘ এর পটভূমি টীকাগুলো ব্যাখ্যা করুন।

প্রাপ্ত বয়স্কদের জন্য ছোটরা যা কিছু তৈরী করেছে তা উপস্থাপন করতে দিন।

প্রভুর ভোজের পরিচিতিকরণের জন্য ১ করিন্থীয় ১১ঃ২৬ পদ পড়ুন। ব্যাখ্যা করুন যে খ্রীষ্টানায়রা বিগত প্রায় ২০০০ বছর ধরে একত্রে রুটি ও দ্রাক্ষারসের পাত্র গ্রহণের মাধ্যমে যীশুর দ্বিতীয় আগমন ও অবশিষ্ট ভবিষ্যত বাণীগুলির পূর্ণতার জন্য অপেক্ষা করে চলেছে।

**লূক ২৪ঃ২৭ পদ একত্রে মুখস্থ করুন।** ''যীশু মোশির এবং সমস্ত ভাববাদীদের লেখনীসমূহ থেকে উক্তি করার মাধ্যমে শাস্ত্র তাঁর নিজের সম্পর্কে কি বলেছে তা ব্যাখ্যা করেছেন।

একত্রে প্রার্থনা, যীশু সম্বন্ধীয় প্রাচীন ভবিষ্যত বাণীগুলির আলোচনা, পরিকল্পনা সমূহের নিশ্চিতকরণ এবং একে অন্যকে উৎসাহ প্রদানের জন্য দুই বা তিনজনকে নিয়ে ছোট ছোট দল তৈরী করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net